# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্লট নং-এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
আগারগাঁও, ঢাকা।

## জিটিসিএল-এর সঙ্গে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ে অংশীজনদের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম অনলাইন অংশীজন সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক<br>ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল |
| তারিখ | : | ২১ ডিসেম্বর , ২০২২ |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকায় |
| স্থান | : | জুম প্লাটফর্ম |
| উপস্থিত সদস্য | : | রেকর্ডেড। |

০১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সম্পর্কে এর তাৎপর্য তুলে ধরে বলেন, টেকসই উন্নয়ন লক্ষমাত্র-২০৩০ (SDG) ও রুপকল্প-২০৪১ বাস্তবায়নে অত্যন্ত গুরুত্ব বহন করে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং এটিতে অবহেলা কিংবা পিছিয়ে থাকার কোন সুযোগ নেই। সভাপতি সভাটি সফলভাবে সম্পাদনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন এবং সভার আলোচ্যসূচী অনুযায়ী জিটিসিএল-এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সংক্রান্ত ফোকাল পয়েন্ট উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) জনাব মুহাম্মদ ইমামুল হক-কে অংশীজন সভায় উপস্থিত সকলের সম্মুখে কোম্পানির জিআরএস সংক্রান্ত হাল নাগাদ তথ্যাদি উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২। কোম্পানির জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট সভায় কোম্পানির বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় জিআরএস-এ অন্তর্ভুক্ত ৬টি কার্যক্রমের তথ্যাদি উপস্থাপন করেন। তিনি সভায় জানান যে, কোম্পানির অভিযোগ প্রতিকার বিষয়ে বর্তমানে আপিল কর্মকর্তা হিসাবে পেট্রোবাংলার উপ-মহাব্যবস্থাপক (কোম্পানি এ্যাফেয়ার্স) জনাব জাভেদ ইবনে শাহেদ এবং অনিক কর্মকর্তা হিসাবে জিটিসিএল-এর উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) জনাব মাহবুবুর রহমান নিয়োজিত রয়েছেন। এ ছাড়া তিনি সভায় জানান যে, জিআরএস সংক্রান্ত ১ম কার্যক্রমের আওতায় কোম্পানির আপিল কর্মকর্তা ও অনিক কর্মকর্তার তথ্যাদি কোম্পানির ওয়েব সাইটে আপলোড করা হয়েছে এবং এ সংক্রান্ত তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে হাল নাগাদ করা হয়ে থাকে। কোম্পানির সেবা গ্রহণকারীগণ অনলাইনে ও অফলাইনে কোম্পানিতে অভিযোগ দাখিলের সুযোগ রয়েছে। এ ছাড়াও কোম্পানির প্রধান কার্যালয়ে একটি অভিযোগ বক্স রাখা হয়েছে যা নিয়মিত মনিটরিং করা হয়।

০৩। ফোকাল পয়েন্ট সভায় আরও জানান যে, জিআরএস-এ অন্তর্ভুক্ত ২য় কার্যক্রমের আওতায় প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য, ৩য় কার্যক্রমের আওতায় মাসিক প্রতিবেদন এবং ৪র্থ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয় এবং প্রতিবেদন নিয়মিতভাবে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হচ্ছে। তিনি সভায় অবহিত করেন করেন যে, ২য় কোয়ার্টারে প্রাপ্ত ০১টি অভিযোগ নির্ধারিত সময়ে নিষ্পত্তি করা হয়েছে। এতদসংক্রান্ত তথ্যাদি মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনে উল্লেখপূর্বক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইটে প্রকাশসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। জিআরএস-এর ৫ম কার্যক্রমের আওতায় ২০২২-২৩ অর্থবছরে কোম্পানিতে জিআরএস সফটওয়্যার সংক্রান্ত ২টি প্রশিক্ষণ চলতি ডিসেম্বর-২০২২ মাসের মধ্যে সম্পন্নের জন্য সময়সূচী নির্ধারিত আছে এবং জিআরএস-এর ৬ষ্ঠ ও সর্বশেষ কার্যক্রমের আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ বিষয়ক নির্ধারিত ২টি অংশীজন সভার মধ্যে ১ম অংশীজন সভা অদ্য ২১-১২-২০২২ তারিখে ভার্চুয়ালি অনুষ্ঠিত হচ্ছে। পরবর্তী অংশীজন সভাও বছরের দ্বিতীয়ার্ধে অনুষ্ঠিত হবে।

০৪। পরবর্তীতে সভাপতির পক্ষে মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) অনলাইন সভার নোটিশের প্রেক্ষিতে সংযুক্ত অন্যান্য কোম্পানির প্রতিনিধিদের এতদবিষয়ে মতামত কামনা করেন। এ বিষয়ে কোম্পানি আউটসোর্সিং জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান মেসার্স আল-আরাফাত সিকিউরিটিজ-এর সত্বাধিকারী জনাব মো: বেলায়েত হোসেন, আজকের অংশীজন সভায় আমন্ত্রন জানানোর জন্য জিটিসিএল কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি জিটিসিএল-এর সেবা সংক্রান্ত কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন। তবে তিনি ইআরপি সিস্টেমে তাদের দাখিলকৃত বিলসমূহ দ্রুত পরিশোধের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে মহাব্যবস্থাপক (হিসাব) জনাব তপন কুমার সাহা সভায় জানান যে, ঠিকাদারগণ যথাযথ ডকুমেন্টস্ সহ বিল সঠিকভাবে দাখিল করলে ইআরপি সিস্টেমে পূর্বের তুলনায় কম সময়ে পরিশোধ করা হয়ে থাকে। পরবর্তীতে কোম্পানীর মোবাইল ফোন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান গ্রামীন ফোন লি: এবং পানির ফিল্টার সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি ভার্চুয়াল সভায় সংযুক্ত থেকে জিটিসিএল-এর সেবা সংক্রান্ত কোন অভিযোগ নেই মর্মে সভায় অবহিত করেন ।

০৫। পরবর্তীতে বিজিএফসিএল-এর ব্যবস্থাপক, জনাব সালাহ উদ্দিন অংশীজন সভা আয়োজনের জন্য জিটিসিএল-কে ধন্যবাদ প্রদান করেন। তিনি সভায় জানান যে, ক্যালিব্রেশন সম্পাদন কালে জিটিসিএল-এর প্রতিনিধি-এর পাশাপাশি বিতরণ কোম্পানির প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে কোম্পানির মহাব্যবস্থাপক ( ট্রান্সমিশন-ইস্ট) প্রকৌ. নজরুল ইসলাম জানান যে, ক্যালিব্রেশন কার্যটি গ্যাস উৎপাদন, সঞ্চালন ও সংশ্লিষ্ট বিতরণ কোম্পানির প্রতিনিধির উপস্থিতিতে যৌথভাবে সম্পাদন করা হয়।

০৬। অতঃপর আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতির পক্ষে মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) প্রকৌ. নজরুল ইসলাম অনলাইনে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১/২০২৬

(প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক)
ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল

অনুলিপি:

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
২। ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
৩। ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
৪। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
৫। ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
৬। ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
৭। ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লি:।
৮। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লি:।
৯। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস্ কোম্পানি লি:।
১০। পরিচালক (অপারেশন) , জিটিসিএল।
১১। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন- ইস্ট), জিটিসিএল।
১২। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন- ওয়েস্ট), জিটিসিএল।
১৩। পরিচালক(অর্থ), জিটিসিএল।
১৪। মহাব্যবস্থাপক (এইচ আর) ও অনিক, জিআরএস, জিটিসিএল।
১৫। উপ-মহাব্যবস্থাপক ( কোম্পানি এ্যাফেয়ার্স) ও অনিক, পেট্রোবাংলা।
১৬। উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্ল্যানিং এন্ড মনিটরিং), জিটিসিএল।
১৭। প্রকল্প পরিচালক, অফ-ট্রান্সমিশন পয়েন্ট প্রকল্প, জিটিসিএল।
১৮। উপ-মহাব্যবস্থাপক(বোর্ড) ও ফোকাল পয়েন্ট, জিআরএস, জিটিসিএল।
১৯। উপ-ব্যবস্থাপক(সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জিটিসিএল।
২০। অফিস কপি।